

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
সাভার, ঢাকা।  
www.acl.savar.dhaka.gov.bd

স্মারক নম্বরঃ ৩১.৪১.২৬৭২.০০২.১৬.০০৪.২৫- ১১০২(২৯)

তারিখঃ ২১ জৈষ্ঠ্য, ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

## গণবিজ্ঞপ্তি

বিষয়ঃ ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত

এতদ্বারা সাভার উপজেলাধীন উপজেলা ভূমি অফিস, সাভারের সম্মানিত ভূমি মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যাদের ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা বকেয়া রয়েছে তাদেরকে হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। যে সকল ভূমি মালিক ৩ বছর বা তার অধিককাল যাবত ভূমি উন্নয়ন কর বা খাজনা পরিশোধ করেননি তাদেরকে অতিসত্বর অনলাইন [www.ldtax.gov.bd](http://www.ldtax.gov.bd) ওয়েবসাইট ব্যবহার করে (যেকোন কারণে অনলাইনে খাজনা পরিশোধ পদ্ধতি বোধগম্য না হলে ইউনিয়ন ভূমি অফিস হতে পরামর্শ গ্রহণ করা যাবে) হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, সরকারী দাবি আদায়ের স্বার্থে ০১-০৩ বছরের অনাদায়ী বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য সরকারি আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক ভূমির মালিকদের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করা হবে এবং যে সকল মালিকের ০৩ (তিন) বছরের উর্দে ভূমি উন্নয়ন কর বকেয়া রয়েছে তাদের সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মোতাবেক ভূমি খাসকরণসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। জনস্বার্থে বিজ্ঞপ্তিটি জারী করা হল।

স্বাক্ষরিত/-  
জহিরুল আলম  
সহকারী কমিশনার (ভূমি)  
সাভার, ঢাকা।  
টেলিফোনঃ ০২-৭৭৪৫৯৫০  
e-mail: aclandsavar2016@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা।

২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, ঢাকা।


৩। জেনারেল সার্টিফিকেট অফিসার, সাভার, ঢাকা।

৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। [জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য]

৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা,

বাগধনিয়া/ফুলবাড়িয়া ইউনিয়ন ভূমি অফিস, সাভার, ঢাকা। [গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা দেয়া হলো]

৬। অফিস কপি।

  
সহকারী কমিশনার (ভূমি)  
সাভার, ঢাকা।